গাংনীতে মাছের পোনা অবমুক্ত করণ

জাতীয় মৎস্য সপ্তাহ উপলক্ষ্যে র্যালি আলোচনা সভা ও পোনা অবমুক্ত করণ করেছে গাংনী উপজেলা মৎস্য অধিদপ্তর।

আজ রোববার সকালে উপজেলা পরিষদ চত্ত্বর থেকে র্যালিটি বের হয়ে শহর প্রদক্ষিণ শেষে আলোচনা সভায় মিলিত হয়। পরে স্থানীয় সরকারী পুকুরে পোনা অবমুক্ত করা হয়। এতে প্রধান অতিথী ছিলেন এমপি সাহিদুজ্জামান খোকন।

গাংনী উপজেলা মৎস্য অফিসার সহিদুর রহমানের সঞ্চালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথী ছিলেন সহকারী কমিশনার(ভুমি) নাজমুল আলম। আলোচনা সভায় সরকারী বেসরকারী অফিসের কর্মকর্তা কর্মচারী ও মৎস্যজীবীগণ উপস্থিত ছিলেন।

ফেসবুক ঢেলে সাজাচ্ছে মেটা

জনপ্রিয় সামাজিক মাধ্যম প্ল্যাটফরম ফেসবুক অ্যাপের নিউজ ফিড ঢেলে সাজানোর ঘোষণা দিয়েছে মেটা।

পরিবর্তনের অংশ হিসাবে ভার্টিক্যাল ভিডিওর জন্য পৃথক বিভাগ চালু করা হয়েছে। এ ছাড়াও পরিবারের সদস্য ও বন্ধুদের পোস্ট একটি পৃথক ট্যাবে দেখাবে ফেসবুক। ফেসবুকের মূল প্রতিষ্ঠান মেটা জানিয়েছে, বৃহস্পতিবার থেকেই ফেসবুক অ্যাপের হোমপেজ টিকটকের মতো দেখতে হবে। সেখানে পরপর ভার্টিক্যাল পাবলিক ভিডিও আসতে থাকবে।

সাম্প্র্রতিক মাসগুলোতে নিজস্ব মাধ্যমে থাকা ‘রিলস’-এর বুস্টিং বাড়ানোর পক্ষে মতামত দিয়ে আসছিলেন মেটার নির্বাহীরা। এটি অনেকটা টিকটকের স্বল্প দৈর্ঘ্যরে ভিডিওর মতোই, যার মাধ্যমে অনেক কমবয়সি ব্যবহারকারী আকৃষ্ট করতে পেরেছে সামাজিক ভিডিও শেয়ারিং মাধ্যমটি।

ফেসবুকের মূল নিউজ ফিড ট্যাব ‘হোম’-এ ব্যবহারকারী এখন থেকে

অনুসরণ করেন না এমন ব্যবহারকারীর জনপ্রিয় পোস্টও দেখতে পাবেন। এক বিবৃতিতে মেটা বলেছে-এর মধ্যে আছে রিলস এবং স্টোরিজ। নিজস্ব ‘মেশিন লার্নিং র্যাংকিং’ পদ্ধতির মাধ্যমে ব্যবহারকারীকে পোস্ট পরামর্শ দেবে ফেসবুক।

এ ছাড়া, পোস্ট পরামর্শ দেওয়ার জন্য কৃত্রিম বুদ্ধিমত্তা বা ‘এআই’ প্রযুক্তিতে বিনিয়োগের কথাও জানিয়েছে প্রভাবশালী এ সামাজিক মাধ্যম। ‘ফিডস’ নামের নতুন ট্যাবে আগের পদ্ধতিতে ব্যবহার করা যাবে ফেসবুক, যেখানে পরিচিত বন্ধু, পেজ এবং গ্রুপের পোস্ট দেখতে পাবেন ব্যবহারকারী। “ট্যাবের মধ্যে ‘ফিডস’ দেখা যাবে ক্রমানুসারে, কোন ধরনের নিজস্ব র্যাংকিং ব্যবস্থা ছাড়াই।”- ফেসবুক পোস্টে বলেছেন মেটা সিইও জাকারবার্গ। মেটা বলেছে, ফিডস-এর মধ্যে ‘সাজেস্টেড পোস্ট’ না থাকলেও এখনো বিজ্ঞাপন থাকবে এতে।

রণবীরের সেই ছবি দেখে ‘মাথা ঘুরে গিয়েছিল’ দীপিকার

বলিউড স্টার রণবীর সিংয়ের একটি ছবি সামাজিক যোগাযোগমাধ্যমে দুদিন ধরে ঘুরপাক খাচ্ছে। বিজ্ঞাপনের কভার শুটের জন্য একেবারেই নগ্ন ছবি তুলেছেন এ নায়ক। যেটি নিয়ে তুমুল সমালোচনা হচ্ছে।

কেউ কেউ রণবীরের এই ফটোশুটকে সাহসী বলে মন্তব্য করেছেন। তবে এই ছবি নিয়ে ভারতের নায়িকারাও প্রশ্ন তুলেছেন। টালিউড নায়িকা মিমি চক্রবর্তী তো বলেই ফেলেছেন, ছেলেরা এই ছবি দিতে পারলে সাহসী হয়, আজ কোনো নারী যদি এমন ছবি তুলতেন সমাজ কীভাবে নিত? একটা মেয়ে এই ছবি দিলে নোংরা বলতেন না? প্রশ্ন জুড়ে দিয়েছেন মিমি।

স্বামীর পোশাকহীন ফটোশুট দেখে দীপিকার প্রতিক্রিয়া কী ছিল? সেই খোঁজও মিলেছে রণবীরের ঘনিষ্ঠ সূত্রে।

এই শুটটি আগে থেকেই পরিকল্পনা করা হয়েছিল এবং রণবীর তার দৃষ্টিভঙ্গি সম্পর্কে খুব খোলামেলা। তিনি সত্যিই এটা করতে

আগ্রহী ছিলেন এবং নিজেকে মেলে ধরতে চেয়েছিলেন। সুতরাং এই ছবিগুলো দিতে সম্পূর্ণ স্বাচ্ছন্দ্যবোধ করেন রণবীর।

স্ত্রী দীপিকা পাড়ুকোনের কী প্রতিক্রিয়া রণবীরকে এভাবে দেখে? রণবীর-দীপিকার একটি ঘনিষ্ঠ সূত্র জানিয়েছে, ছবিটি দেখেই দীপিকার মাথা ঘুরে গিয়েছিল। আসলে তিনি এই পুরো শুটটি শুরু থেকেই নজরে রেখেছিলেন এবং ধারণাটি খুব পছন্দ হয়েছিল তার। ইন্টারনেটে আসার আগে তিনি ছবিগুলো দেখেছিলেন। দীপিকা সবসময় রণবীরকে সমর্থন করেছেন।

এই প্রথমবার নয়, এর আগেও একবার ফটোশুটে নিজের শরীর দেখিয়েছেন রণবীর। ২০১৬ সালে ‘বেফিকরে’ ছবির একটি দৃশ্যে তাকে ক্যামেরার সামনে ‘সাহসীভাবে’ দেখা গেছে।

মুজিবনগরে মৎস্য সপ্তাহ উপলক্ষে র্যালী,পোনা অবমুক্তকরন ও আলোচনা সভা

মুজিবনগরে জাতীয় মৎস্য সপ্তাহ উপলক্ষে র্যালি,জলাশয়ে মাছের পোনা অবমুক্তকরন ও আলোচনা সভা করেছে মুজিবনগর সিনিয়র উপজেলা মৎস্য অফিস।

রবিবার সকাল সাড়ে নয়টার দিকে মৎস্য সপ্তাহের ২য় দিনে এ উপলক্ষে একটি বর্ণাঢ্য র্যালী বের করা হয়। র্যালিটি মুজিবনগর উপজেলা পরিষদ চত্বর থেকে শুরু হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিন করে পুনরায় পরিষদ চত্বরে এসে শেষ হয়।

র্যালী শেষে উপজেলা পরিষদ অডিটরিয়মে মৎস্য সপ্তাহ উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

উক্ত অনুষ্ঠানের সভাপতিত্ব করেন সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা শহিদুল ইসলাম। উপজেলা তথ্য সেবা কর্মকর্তা তানিয়া খন্দকারের সন্চালনায় অন্যদের মুজিবনগর থানার পুলিশ পরিদর্শক(তদন্ত) শরিফুল

ইসলাম,উপজেলা কৃষি অফিসার আনিসুজ্জামান খান, সমাজসেবা অফিসার আব্দুর রব,উপজেলা ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা, মহিলা ভাইস চেয়ারম্যান আফরোজা খাতুন,উপজেলা স্বাস্থ কমপ্লেক্স এর আবাসিক মেডিকেল অফিসার(আরএমও) ডাঃ মাহমুদুর রহমান শিমুল প্রমুখ উপস্থিত ছিলেন।

এর আগে ভবরপাড়া মিশন পুকুরে মাছের পোনা অবমুক্তকরনের মধ্যে দিয়ে মৎস্য সপ্তাহের উদ্বোধন করা হয়।

ঢাকায় এইচএসসি পাসে নিয়োগ দেবে বসুন্ধরা গ্রুপ

নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করেছে বসুন্ধরা গ্রুপ। প্রতিষ্ঠানটিতে ‘জুনিয়র টেকনিশিয়ান’ পদে নিয়োগ দেওয়া হবে। আগ্রহী যোগ্য প্রার্থীরা আবেদন করতে পারেন।

পদের নাম

জুনিয়র টেকনিশিয়ান।

শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা

স্বীকৃত যেকোনো শিক্ষাপ্রতিষ্ঠান থেকে এইচএসসি অথবা ডিপ্লোমা পাস প্রার্থীরা আবেদন করতে পারবেন। ইলেকট্রিক্যাল/ইলেকট্রনিক্স, মেকানিক্যাল সেক্টরে প্রার্থীর দুই বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীর যোগাযোগ দক্ষতা ও চাপের মধ্যে কাজের মানসিকতা থাকতে হবে। ন্যুনতম বয়স ২০ বছর হতে হবে।

কর্মস্থল: ঢাকা।

বেতন: আলোচনা সাপেক্ষে।

আবেদন প্রক্রিয়া

আগ্রহী প্রার্থীরা বিডিজবস অনলাইনে আবেদন করতে পারবেন।

আবেদনের শেষ তারিখ: ২৫ জুলাই, ২০২২।

সূত্র: বিডিজবস

এবার রেসলিংয়ে রিং মাতাতে এলেন রকের মেয়ে

ডোয়াইন জনসন, যাকে ‘দ্য রক’ নামে চেনে গোটা বিশ্ব। সর্বকালের অন্যতম সেরা পেশাদার কুস্তিগীর তিনি। রিং থেকে অবসর নিয়ে গত ছয় বছর ধরে হলিউড মাতাচ্ছেন। জনসনের পথ ধরে এবার রিং মাতাতে এসেছেন তার বড় মেয়ে সিমোন জনসন। পেশাদার রেসলিংয়ের জগতে অভিষেক ঘটেছে তার।

সম্প্রতি ডব্লিউডব্লিউইয়ের এনএক্সটিতে আভা রেইন নামে নিজের পারদর্শিতা দেখিয়েছেন সিমোন।

এদিকে বাবার পথে মেয়ের হাঁটায় উচ্ছ্বসিত ও গর্বিত ডোয়াইন ‘দ্য রক’ জনসন।

সম্প্রতি যুক্তরাষ্ট্রের লেট নাইট টকশো সঞ্চালক জিমি কিমেলের সঙ্গে সাক্ষাৎকারে এ কিংবদন্তি রেসলার বলেন, ‘আমি আমার মেয়ে সিমোন নিয়ে গর্বিত। ডব্লিউডব্লিউইয়ের ফেডারেশন এনএক্সটিতে তার অভিষেক হয়েছে। শুরুতেই সে দারুণ পারফর্ম করেছে। সে মাইক নিয়ে রিংয়ে উঠেছিল, বেশ উদ্দীপ্ত ছিল। রেসলিংয়ে তার নামটাও দারুণ পছন্দ হয়েছে আমার। তার নাম আভা রেইন।’

মেহেরপুর মৎস্য খামারে রেণু উৎপাদন লক্ষ্যমাত্রার ২৭ শতাংশ

নানা ধরনের অনিয়ম, অব্যবস্থাপনা, জনবল-সংকটসহ নানা সমস্যা নিয়ে মেহেরপুর জেলায় মৎস্য সপ্তাহ ২০২২ পালিত হচ্ছে।

গতকাল শনিবার সকাল ১০ টার সময় মেহেরপুর জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়ে এক মতবিনিমিয় সভার মধ্য দিয়ে জাতীয় মৎস্য সপ্তাহ-২০২২ উদ্বোধন করা হয়েছে।

মেহেরপুর জেলা মৎস্য অফিসার রোকনুজ্জামানের সভাপতিত্বে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। মতবিনিময় সভায় সাংবাদিকদের প্রশ্নের জবাবে জেলা মৎস্য অফিসার রোকনুজ্জামান বলেন, মেহেরপুর জেলায় ১৩ হাজার ৯৯৫ মেট্রিক টন মাছের চাহিদা থাকলেও সেখানে উৎপাদন হচ্ছে ১৩ হাজার ৮২২ মেট্রিক টন মাছ।

জেলায় এ বছর ১৭৩ মেট্রিক টন মাছের ঘাটতি থাকলেও অন্যান্য বছরেও ঘাটতি থেকে যায়। গত বছর এই মাছে ঘাটতি ছিল প্রায় সাড়ে ৪শ মেট্রিক টন।

এদিকে মেহেরপুরে সরকারীভাবে দুটি পোনা রেনু উৎপাদন কেন্দ্র থাকলেও সেগুলো কাজে আসছেনা মৎস্য চাষীদের। মেহেরপুর মৎস্য অফিস চত্তরের হ্যাচারীটি আইরনের কারনে ও গাংনীর হ্যাচারীটি দীর্ঘদিন পড়ে থাকার কারণে অকেজো হয়ে গেছে এমন অভিযোগে রেনু পোনা উৎপাদন বন্ধ রাখা হয়েছে।

অভিযোগ উঠেছে মেহেরপুর সরকারী হ্যাচারির ৮টি পুকুরে মাছ চাষ করে সরকারী ফান্ডে সামান্য অর্থ জমা দিয়ে পকেট ভারী করছেন দায়ীত্বে থাকা কর্মকর্তারা।

এদিকে গাংনী সরকারী হ্যাচারিটির যায়গা বেহাত হয়ে পড়লেও জেলা ও গাংনী উপজেলা মৎস্য অফিস রয়েছে উদাসিন। গাংনী সরকারী হ্যাচারিটি যেমন কর্তৃপক্ষের অযত্ন আর অবহেলায় বিলিন হতে চলেছে। সেই সাথে এক শ্রেনীর অসাধু লোকজন সেটি দখল নিতেও মরিয়া হয়ে উঠেছে। ফলে বেহাত হয়ে পড়েছে মৎস্য হ্যাচারিটি।

জেলা মৎস্য অফিস সূত্র জানায়, জেলা মৎস্য অফিসার, একজন অফিস

সহকারী ও একজন অফিস সহায়ক (এমএলএসএস) দিয়েই চলছে মেহেরপুর জেলা মৎস্য অফিসের কার্যক্রম। অফিসের সিনিয়র সহকারী পরিচালক, সহকারী পরিচালক, উপসহকারী প্রকৌশলী, হিসাব রক্ষক ও অফিস সহকারীর পদগুলো দীর্ঘদিন যাবৎ শুণ্য রয়েছে।

এছাড়া সদর উপজেলা মৎস্য অফিসের সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, গাংনী উপজেলা মৎস্য অফিসের সহকারী মৎস্য অফিসার, উপজেলা মৎস্য সম্প্রসারণ অফিসার, ফিল্ড অফিসার ও মুজিবনগর উপজেলা মৎস্য অফিসের সিনিয়র উপজেলা মৎস্য অফিসারের পদ দীর্ঘদিন যাবৎ শুণ্য রয়েছে।

সূত্রটি আরো জানায়, মেহেরপুর সদর উপজেলায় ৭টি, গাংনী উপজেলায় ২ টি ও মুজিবনগর উপজেলায় ১ টি বীল বাওড়সহ ৫৭৯২.০৮ হেক্টর আয়তনের ৫৩৮৭ টি জলাশয় রয়েছে।

এদিকে মেহেরপুর জেলা মৎস্য অফিস সংলগ্ন ১০ একর জমির উপর গড়ে ওঠা মৎস্য বীজ উৎপাদন খামারটিতে এখন রেনু ও পোনা উৎপাদন হয়না। দীর্ঘদিন বন্ধ রয়েছে পোনা উৎপাদন। পানিতে অতিরিক্ত আইরন থাকায় কারন দেখিয়ে খামারটি বন্ধ রাখা হয়েছে। এখানে বীজ রেনু পোনা উৎপাদন করা সম্ভব নয় বলে জানালেন জেলা মৎস্য অফিসার।

তবে খামার ব্যবস্থাপক ইকবাল শরীফ বলেন, এখানেও পোনা উৎপাদন করা হয়ে থাকে। তবে সেটি লক্ষ্যমাত্রার মাত্র ২৭ শতাংশ। তিনি বলেন, ২০২১-২২ অর্থ বছরে এই খামারের রেনু ও পোনা জন্য সরকারী বর্দ্দা ছিল ৩ লাখ ২৯ হাজার টাকা। সেখানে আমি রেনু ও পোনা বিক্রি করে সরকারী কোষাগারে ৪ লাখ ৫৪ হাজার ৬০০ টাকা জমা দিয়েছি।

অপরদিকে গাংনী উপজেলা মৎস্য অফিসের তত্বাবধানে গ্রামীণ মৎস্য বীজ উৎপাদন খামারটির কোনো খোঁজ খবর নেননা মৎস্য অফিসের কর্মকর্তারা। মৎস্য অফিসের অবহেলা আর অবব্যবস্থাপনার জন্য খামারটি এখন বেহাত হয়ে রয়েছে। অথচ, এক সময় এই সরকারী হ্যাচারী দুটি থেকে জেলার মৎস্য চাষীদের রেনু পোনার চাহিদার অধিকাংশই দেওয়া হতো।

মৎস্য হ্যাচারি দুটির আবাসিক ভবনসহ বিভিন্ন উপকরণ ও মেসিনগুলো খোঁজ খবর ও লোকবল না থাকায় ভবন ফাঁকা পড়ে রয়েছে। এছাড়া রক্ষণাবেক্ষণের অভাবে সেগুলো জরাজীর্ণ হয়ে পড়েছে। এছাড়া, পুকুরের পাড়গুলোও ভেঙে গেছে। বছরের বেশির ভাগ সময় পুকুরগুলোয় পানি-সংকট থাকে।

গাংনী উপজেলার ষোলটাকা গ্রামের মাছ চাষী জাফিরুল ইসলাম জানান, আমার ৭ টি পুকুর আছে। আমি যশোর চাঁচড়া থেকে রেনু পোনা নিয়ে আসতে হয়।

একই গ্রামের আব্দুল মুনতাজ আলী বলেন, সরকারীভাবে রেনু পেলে এলাকার অনেক মাছ চাষীর সময় ও খরচ বাচানো যেতো। এছাড়া মান সম্মত রেনু পোনা পেতাম।

মাছ চাষী আব্দুল মতিন বলেন, আমার প্রায় ২৫ টি পুকুর রয়েছে। আমি যশোর ও ময়মনসিংহ থেকে রেনু পোনা এনে চাষ করি। মেহেরপুর জেলাতে দুটি সরকারী মৎস্য হ্যাচারি রয়েছে। অথচ, সেখানে পোনা উৎপাদন করা হয়না।

ময়নাল হোসেন ও আব্দুল হালিম জানান, জেলায় মাছের চাহিদার সিংহভাগ ষোলটাকা গ্রামে উৎপাদিত হয়। মৎস্য গ্রাম খ্যাত ষোলটাকা গ্রামে প্রায় ৩ হাজার পুকুর রয়েছে। এখানকার সব মাছ চাষী যশোর ও ময়মনসিংহ থেকে রেনু পোনা কিনে এনে চাষ করছেন। জেলার সরকারী মৎস্য হ্যাচারি দুটি থেকে মাছ চাষীদের অধিকাংশ চাহিদাই মেটানো সম্ভব। মৎস্য অধিদপ্তরের অবহেলা আর অব্যবস্থাপনার জন্য হ্যাচারি দুটিতে আজ রেনু পোনা উৎপাদন বন্ধ। জেলার হাজার হাজার মৎস্য চাষী রেনু পোনা নিয়ে বেকায়দায়।

নাম প্রকাশ অনিচ্ছুক, কয়েকজন মাছ চাষী বলেন, প্রকৃত মাছ চাষিরা সরকারী পোনা পায়না। চাষি নন এমন লোকও সরকারী পোনা পাচ্ছেন। মৎস্য অফিসের এসব অনিয়ম ও জনবল সংকট দূর হলে সরকারের রাজস্ব বাড়বে এবং সরকারী হ্যাচারি দুটি ঐতিহ্য ফিরে আসবে বলে মনে করছেন তারা।

মেহেরপুর জেলা মৎস্য কর্মকর্তা মো: রোকনুজ্জামান বলেন, জনবল সংকটের কারনে, জেলা মৎস্য অফিসের কার্যক্রম ব্যাহত হচ্ছে। সব কাজ সুচারুরুপে করা সম্ভব হচ্ছেনা। জেলা মৎস্য অফিসের এই জনবল-সংকটসহ নানা সমস্যার কথা বারবার ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে জানানো হলেও কোনো ব্যবস্থা নেয়া হয়নি।

চুয়াডাঙ্গার তেঁতুল শেখ কলেজের ফান্ডের টাকা সভাপতির পুত্রবধূ ও মেয়ে নামে

চুয়াডাঙ্গার সরোজগঞ্জের তেঁতুল শেখ কলেজের অধ্যক্ষের নির্যাতন ও ৬০ লাখ টাকা আত্মসাতে অভিযুক্ত সভাপতি আবদুল্লাহ শেখ, বহাল তবিয়তে আছেন।

ঘটনার পর এক মাস পেরিয়ে গেলেও তার বিরুদ্ধে কোনো প্রশাসনিক ব্যবস্থা নেওয়া হচ্ছে না। যার ফলে ঐ কলেজের শিক্ষক-শিক্ষার্থীদের মধ্যে ক্ষোভের দানা বাঁধতে শুরু করেছে। তিনি নিয়মের বহির্ভূতভাবে কলেজের ফান্ড থেকে যে ৬০ লাখ টাকা সরিয়ে নিয়ে নিজের মেয়ে ও পুত্রবধূর নামে সঞ্চয়পত্র কিনে ব্যাংকে রেখেছেন।

এ বিষয়ে তেঁতুল শেখ কলেজের অধ্যক্ষের স্বাক্ষরিত একটি পত্র যশোর শিক্ষা বোর্ডে দাখিল করা হয়েছে। জানা যায়, কলেজের সভাপতি আবদুল্লাহ শেখ দীর্ঘদিন ধরে নানাভাবে শিক্ষক-কর্মচারীদের নির্যাতন করে আসছিলেন। পরে অধ্যক্ষ মারুফুল হক কেউ, তিনি নির্যাতন ও গালিগালাজ করেন।

গত ১৪ জুন বিষয়টির একটি ভিডিও ফুটেজ সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচার হলে কলেজের সাবেক ও বর্তমান শিক্ষক-শিক্ষার্থীরা আন্দোলনে মাঠে নামেন। আন্দোলনের একপর্যায়ে শিক্ষার্থীরা গত ১৫ জুন সভাপতির অপসারণ দাবি তুলে মানববন্ধন, বিক্ষোভ মিছিল ও সড়ক অবরোধ করেন।

সেই সময়ে চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা শামীম ভূঁইয়ার আশ্বাসে আন্দোলন স্থগিত করা হয়েছিলো। অধ্যক্ষ মো. মারুফুল হক জানান, সভাপতি আবদুল্লাহ শেখ নিজের স্বার্থ চরিতার্থ করতে শিক্ষক-কর্মচারীদের নানাভাবে নির্যাতন করতেন। অনৈতিক সুবিধা দিতে বাধ্য করতেন।

এ ছাড়াও তিনি নিয়ম বহির্ভূতভাবে কলেজের ফান্ড থেকে ৬০ লাখ টাকা সরিয়ে নিয়ে নিজের নিকটাত্মীয়দের নামে ব্যাংকে রেখেছেন। সভাপতি কলেজের ৬০ লাখ টাকা আত্মসাতের উদ্দেশ্যেই অধ্যক্ষকে চেক সই করতে বাধ্য করেছেন।

খোঁজ নিয়ে জানা যায়, গত ১৩ জুন কলেজের একাউন্ট থেকে ৬০ লাখ টাকা উত্তোলন করা হয়েছে। ঐ দিনই সোনালী ব্যাংক লিমিটেড সরোজগঞ্জ শাখায় সভাপতি আবদুল্লাহ শেখের মেয়ে ফারহানা ইয়াছমিন ও ছোট ভাইয়ের স্ত্রী ফারজানা সুলতানা, বড় ভাইয়ের পুত্রবধূ আছিয়া খানম ও আর্জিনা রহমানের নামে ১৫ লাখ টাকা করে সঞ্চয়পত্র ক্রয় করা হয়েছে।

অভিযোগের বিষয়ে সভাপতি আবদুল্লাহ শেখ বলেন, কলেজ অধ্যক্ষ আমার নামে শিক্ষা বোর্ডে লিখিত অভিযোগ দিয়েছেন।প্রশাসনিক তদন্ত শেষে বোর্ড প্রয়োজনীয় পদক্ষেপ নেবে। ৬০ লাখ টাকা আত্মসাতের বিষয়ে তিনি বলেন, আমি কোনো টাকা আত্মসাৎ করিনি। কলেজের স্বার্থেই অলস পড়ে থাকা টাকাগুলো আমার পরিবারের সদস্যদের নামে সঞ্চয়পত্র ক্রয় করা হয়েছে। এ বিষয়ে রেজুলেশন আছে।

চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা শামীম ভূঁইয়া বলেন, কলেজ অধ্যক্ষ শিক্ষা বোর্ডে অভিযোগ করায় শিক্ষা বোর্ড জেলা প্রশাসক মহোদয়কে লিখিতভাবে তদন্তের জন্য চিঠি দিয়েছে। বিষয়টি তদন্তের জন্য ইতোমধ্যে আমার ওপর দায়িত্ব অর্পণের সিদ্ধান্তও হয়েছে। দু-এক দিনের মধ্যে এ সংক্রান্ত চিঠি আমার হাতে পৌঁছাতে পারে। চিঠি পাওয়ার পর আমি যথাযথভাবে আমার দায়িত্ব পালন করব।

জীবননগরে মৎস্য সপ্তাহ উদযাপন উপলক্ষে সাংবাদিকদের সাথে মতবিনিময়

জীবননগরে মৎস্য সপ্তাহ উদযাপন উপলক্ষে সাংবাদিকদের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছ। শনিবার সকাল ১০টার সময় জীবননগর উপজেলা মৎস্য অধিদপ্তর আয়োজনে মৎস্য অফিসের কার্যালয়ে এ মতবিনিময়ে সভা অনুষ্ঠিত হয়।

জীবননগর উপজেলা মৎস্য অফিসার দ্বীন ইসলামের সভাপতিত্বে এ সময় উপস্থিত ছিলেন, জীবননগর উপজেলার সহকারী কমিশনার ভূমি তিথি মিত্র, সাপ্তাহিক জীবননগর বার্তার সম্পাদক শামসুল আলম, জীবননগর

প্রেসক্লাবের সাধারণ সম্পাদক কাজী শামসুর রহমান চঞ্চল, সাংবাদিক জামাল হোসেন খোকন, মিঠুন মাহমুদ, মাজেদুল মিলটন, লিটন প্রমুখ।

স্নাতক পাসে গ্রিনডেল বাংলাদেশে চাকরির সুযোগ

নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করেছে গ্রিনডেল বাংলাদেশ লিমিটেড। প্রতিষ্ঠানটিতে ‘সেলস অ্যাসোসিয়েটস’ পদে নিয়োগ দেওয়া হবে। আগ্রহী যোগ্য নারী প্রার্থীরা অনলাইনের মাধ্যমে সহজে আবেদন করতে পারবেন।

পদের নাম

সেলস অ্যাসোসিয়েটস।

শিক্ষাগত যোগ্যতা

প্রার্থীকে যেকোনো বিষয়ে স্নাতক/ স্নাতকোত্তর পাস হতে হবে। বয়স সর্বোচ্চ ৪০ বছর। পুরুষ প্রার্থীরা আবেদন করতে পারবেন।আকর্ষণীয় কমিশন এবং বার্ষিক বিদেশ ভ্রমণের ব্যবস্থা। নিজ এলাকায় অবস্থান করে দীর্ঘদিন উপার্জন করার সুযোগ। অন্য কাজের পাশাপাশি নিজের সুবিধামত সময়ে পার্টটাইম কাজ করার সুযোগ।

বেতন

কমিশনভিত্তিক বা ফ্রিল্যান্সার।

কর্মস্থল

বাংলাদেশের যে কোনো স্থানে

আবেদনের পদ্ধতি

আগ্রহী প্রার্থীরা বিডিজবস অনলাইনে আবেদন করতে পারবেন।

[illegible] [illegible] [illegible]

[illegible] [illegible], [illegible]

[illegible] : [illegible]